

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৪

সাধারণ বাংলা

সেমিস্টার : ১ : কোর্স : ১

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

- ১। যে-কোনো একটি লেখো: ১০
- (ক) ভাবসম্প্রসারণ করো :
আপন হতে বাহির হয়ে বাইরে দাঁড়া
বুকের মাঝে বিশ্বলোকের পাবি সাড়া।
- (খ) ভাবার্থ লেখো : ১০
আমরা পরের উপকার করিব মনে করিলেই উপকার করিতে পারি না। উপকার করিবার অধিকার থাকা চাই। যে বড়ো সে ছোটোর অপকার অতি সহজে করিতে পারে কিন্তু ছোটোর উপকার করিতে হইলে কেবল বড়ো হইলে চলিবে না, ছোটো হইতে হইবে, ছোটোর সমান হইতে হইবে। মানুষ কোনোদিন কোনো যথার্থ হিতকে ভিক্ষারূপে গ্রহণ করিবে না, ঋণ রূপেও না, কেবলমাত্র প্রাপ্য বলিয়াই গ্রহণ করিতে পারিবে।
- (গ) সংক্ষিপ্তসার লেখো : ১০
সকল দেশেই শিক্ষার সঙ্গে দেশের সর্বাঙ্গীণ জীবনযাত্রার যোগ আছে। আমাদের দেশে কেবলমাত্র কেরানিগিরি ও কালতি ডাক্তারি ডেপুটিগিরি দারোগাগিরি মুসেসিফি প্রভৃতি ভদ্রসমাজে প্রচলিত কয়েকটি ব্যবসায়ের সঙ্গেই আমাদের আধুনিক শিক্ষার প্রত্যক্ষ যোগ। যেখানে চাষ হইতেছে, কলুর ঘানি ও কুমারের চাক ঘুরিতেছে, সেখানে এ শিক্ষার কোনো স্পর্শও পৌঁছায় নাই। অন্য কোনো শিক্ষিত দেশে এমন দুর্যোগ ঘটিতে দেখা যায় না। তাহার কারণ, আমাদের নূতন বিশ্ববিদ্যালয়গুলি দেশের মাটির উপরে নাই, তাহা পরগাছার মতো পরদেশীয় বনস্পতির শাখায় ঝুলিতেছে। ভারতবর্ষে যদি সত্য বিদ্যালয় স্থাপিত হয় তবে গোড়া হইতেই সে বিদ্যালয় তাহার অর্থশাস্ত্র, তাহার কৃষিতত্ত্ব, তাহার স্বাস্থ্যবিদ্যা, তাহার সমস্ত ব্যবহারিক বিজ্ঞানকে আপন প্রতিষ্ঠা-স্থানের চতুর্দিকবর্তী পল্লীর মধ্যে প্রয়োগ করিয়া দেশের জীবনযাত্রার কেন্দ্রস্থান অধিকার করিবে। এই বিদ্যালয় উৎকৃষ্ট আদর্শে চাষ করিবে, গো-পালন করিবে, কাপড় বুনিবে এবং নিজের আর্থিক সম্বল-লাভের জন্য সমবায়প্রণালী অবলম্বন করিয়া ছাত্র শিক্ষক ও চারি দিকের অধিবাসীদের সঙ্গে জীবিকার যোগে ঘনিষ্ঠভাবে যুক্ত হইবে।
- ২। পত্ররচনা করো (যে-কোনো একটি) : ১০
- (ক) কয়েকদিন আগে তোমরা কয়েকজন বন্ধু মিলে বনভোজন করেছ। তার বিবরণ দিয়ে বন্ধুকে চিঠি লেখো।
(খ) এলাকায় যানবাহন-নিয়ন্ত্রণের সুষ্ঠু ব্যবস্থা চেয়ে পৌরপ্রধানের কাছে একটি পত্র লেখো।
(গ) শব্দদূষণ প্রতিরোধে আরও সচেতনতা গড়ে তোলার প্রয়োজনীয়তা সম্পর্কে তোমার বক্তব্য জানিয়ে কোনো দৈনিক সংবাদপত্রের সম্পাদককে পত্র লেখো।
- ৩। প্রবন্ধ রচনা করো (যে-কোনো একটি) : ২০
- (ক) তোমার প্রিয় উপন্যাস
(খ) শান্তিনিকেতন পৌষমেলায় একদিন
(গ) আধুনিক জীবনযাত্রা ও পণ্য-সংস্কৃতি
(ঘ) আমার মা
(ঙ) বাংলার উৎসব